# প্যালেস্তাইন সফরে পররাষ্ট্রমন্ত্রী
# (জানুয়ারি ১৭, ২০১৬)

পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ প্যালেস্তাইন রাষ্ট্রে সফর করবেন ১৭ জানুয়ারি, ২০১৬। পূর্ব বিভাগের সচিব এবং পররাষ্ট্রমন্ত্রকের অন্যান্য কর্মকর্তারাও এই সফরে অনুসঙ্গী হবেন। পররাষ্ট্রমন্ত্রীর এটাই প্রথম পশ্চিম এশিয় সফর এবং সংশ্লিষ্ট অঞ্চলের দেশগুলির সঙ্গে প্যালেস্তাইনের অঙ্গীকারকে গুরুত্ব দিয়েই এই অঞ্চলে পররাষ্ট্রমন্ত্রীর প্রথম গন্তব্য প্যালেস্তাইন। এই সফরটিও হল ২০১৫ সালের অক্টোবরে ভারতের রাষ্ট্রপতির রাষ্ট্রীর প্যালেস্তাইন সফরের পর।

পররাষ্ট্রমন্ত্রী তাঁর সফরে প্যালেস্তাইন নেতৃত্বের সঙ্গে বৈঠক করবেন এবং ভারত ও প্যালেস্তাইন দ্বিপাক্ষীক সম্পকে পর্যালোচনা করবেন। প্যালেস্তাইন রাষ্ট্রের সঙ্গে ঐতিহ্যগত ঘনিষ্ট সম্পর্কের ব্যাপারে ভারত মত বিনিময় করবে এবং গৃহ ও মানব সম্পদ উন্নয়নের বিষয়ে প্যালেস্তাইনের উদ্যোগের বিষয়েও আলোচনা হবে। এই সফরে রাজনৈতিক, কূটনৈতিক ও উন্নয়নমূলক কাজকে সমর্থনের ব্যাপারে প্যালেস্তাইনকে পুনর্নিশ্চিত করবে ভারত। এছাড়াও পররাষ্ট্রমন্ত্রী রামাল্লায় উদ্বোধন করবেন প্যালেস্তাইন ডিজিট্যাল লার্নিং এবং ইনোভেশন সেন্টারের। এই সফর রাজনৈতিক পর্যায়ে পারস্পরিক বোঝাপড়াকে আরও গভীর এবং প্যালেস্তাইনের সঙ্গে দ্বিপাক্ষীক সম্পর্ক মজবুত করার ব্যাপারে অঙ্গীকারবদ্ধ।

**নয়াদিল্লি**

**জানুয়ারি ১২, ২০১৬**